



আপনি আপনার শরীরকে সবথেকে ভালো জানেন।

আপনার যদি এমন কিছু অভিজ্ঞতা হয় যা অস্বাভাবিক বলে মনে হয় বা আপনাকে চিন্তিত করে তোলে, তাহলে এটিকে এড়িয়ে যাবেন না।

HEAR

তার উদ্বেগগুলি শুনুন

জরুরি সতর্কতার লক্ষণ এবং কীভাবে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলবেন সে সম্পর্কে জানুন।

যদি আপনি গর্ভবতী হন বা গত এক বছরের মধ্যে বাচ্চার জন্ম দিয়ে থাকেন তবে যদি এমন কিছু দেখা দেয় যেটি সঠিক বলে মনে না হয় সেক্ষেত্রে আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সাথে বিষয়টি নিয়ে কথা বলা গুরুত্বপূর্ণ।

আপনি এই সতর্কতার লক্ষণগুলির কোনওটি অনুভব করলে অবিলম্বে চিকিৎসা পরিচর্যা নিন:

- গুরুতর মাথা ব্যথা যা সেরে যায় না বা সময়ের সাথে সাথে আরও খারাপ হয়
- মাথাঘোরা বা জ্ঞান হারানো
- আপনার নিজের বা আপনার শিশুর ক্ষতি করার চিন্তা
- আপনার দৃষ্টিশক্তিতে পরিবর্তন
- 100.4° F বা তার বেশি জ্বর
- আপনার হাত বা মুখমন্ডল অত্যধিক ফুলে যাওয়া
- শ্বাস নিতে সমস্যা হওয়া
- বুকে ব্যথা বা দ্রুত হৃৎস্পন্দন
- গুরুতর বমিভাব এবং বমি হওয়া
(সকালবেলার বমিভাবের মত নয়)
- পেটে তীব্র ব্যথা যা সেরে যায় না
- গর্ভাবস্থায় শিশুর নড়াচড়া বন্ধ বা ধীর হয়ে যাওয়া
- গর্ভাবস্থায় যোনি থেকে রক্ত পড়া বা তরল চুইয়ে বের হওয়া
- গর্ভাবস্থার পরে যোনি থেকে প্রচুর রক্তক্ষরণ বা দুর্গন্ধযুক্ত তরল চুইয়ে বের হওয়া
- আপনার পায়ে ফোলা, লালভাব বা যন্ত্রণা
- অতিমাত্রায় ক্লাস্তি

কথোপকথন শুরু করায় সহায়তা করতে এই নির্দেশিকাটি ব্যবহার করুন:

- আমার সাথে দেখা করার জন্য ধন্যবাদ। আমি গর্ভবতী/ সম্প্রতি গর্ভবতী ছিলাম। আমার শেষ মাসিক/ প্রসবের তারিখটি ছিল _____ এবং আমার স্বাস্থ্যের বিষয়ে গুরুতর উদ্বেগ আছে যা নিয়ে আমি আপনার সাথে কথা বলতে চাই।
- আমি _____ (উপসর্গগুলি) বোধ করছি যা _____ এর মতো অনুভূত হয় (বিস্তারিতভাবে বর্ণনা করুন) এবং _____ (ঘন্টা / দিনের সংখ্যা) দীর্ঘস্থায়ী হয়।
- আমি আমার শরীরকে জানি এবং এটি স্বাভাবিক বলে মনে হচ্ছে না।

জিজ্ঞাসা করার জন্য নমুনা প্রশ্ন:

- এই উপসর্গগুলির অর্থ কী হতে পারে?
- কোনও গুরুতর সমস্যার সম্ভাবনা বাতিল করতে আমি কি কোনও পরীক্ষা করতে পারি?
- আমার কোন মুহুর্তে ইমারজেন্সি রুমে যাওয়া বা 911 নম্বরে কল করার কথা বিবেচনা করা উচিত?

দ্রষ্টব্য:

- এই কথোপকথনটির সূচনা এবং আপনি আপনার প্রদানকারীকে যে অতিরিক্ত প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে চান সেগুলি নিয়ে আসুন।
- তাদেরকে অবশ্যই বলুন যে আপনি গর্ভবতী আছেন অথবা এক বছরের মধ্যে গর্ভবতী হয়েছিলেন।
- আপনি বর্তমানে কোন ওষুধপত্র গ্রহণ করছেন বা সম্প্রতি গ্রহণ করেছেন তা চিকিৎসক বা নার্সকে বলুন।
- লিখে নিন এবং আপনি কোনও কিছু বুঝতে না পারলে সে সম্পর্কে আরও প্রশ্ন জিজ্ঞাসা করুন।

পরামর্শ:

HEAR
তার উদ্বেগগুলি শুনুন

19622 (Bengali)

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র
দ্বারা উদ্ভাবন করা হয়েছে।
(Centers for Disease Control
and Prevention)



Department
of Health

6/21